গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
চলাচল পরিকল্পনা রেল ও সড়ক শাখা
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০১৪.২২.২০৮ তারিখ: ১ ফাল্গুন ১৪২৯
১৪ ফেব্রুয়ারি ২০২৩

বিষয়: **মোংলা বন্দরে MV. SSI INVINCIBLE II জাহাজ হতে সড়ক/নৌপথে মোট ২১৬১৪ (+/-) মে.টন গমের চলাচলসূচি (সূচি নং-৫১)**

সূত্র: ১। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, খুলনা এর ০৯-০২-২০২৩ খ্রি. তারিখের ১৩.১৭.০০০০.০০৫.৫০.০০১.২২-৬৮২ নং স্মারক
২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী এর ০১-০২-২০২৩ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.২২৪.৫০.০০১.২২.৫৮৭ নং স্মারক

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চুক্তি নং- জি টু জি-০১; তারিখ- ০২/০৯/২০২২ খ্রি. এর বিপরীতে নগদে ক্রয়কৃত ২১৬১৩.৬০০ মে.টন ঢালা গম নিয়ে মোংলা বন্দরে আগতব্য MV. SSI INVINCIBLE II জাহাজের গম বার্জ/কার্গোতে খালাস করে দেশের বিভিন্ন কেন্দ্রে প্রেরণের লক্ষ্যে চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, খুলনা কর্তৃক সূত্রস্থ ১ নং স্মারকে অনুরোধ করা হয়েছে। রাজশাহী বিভাগের এলএসডিসমূহের গমের চাহিদা সূত্রস্থ ২ নং স্মারকে প্রেরণ করা হয়েছে। তৎপ্রেক্ষিতে মোংলা বন্দরে MV. SSI INVINCIBLE II জাহাজ হতে সাশ্রয়ী রুটে রংপুর, রাজশাহী, খুলনা ও বরিশাল বিভাগের স্থাপনাসমূহের খালি জায়গা বিবেচনায় নিম্নোক্তভাব সড়ক ও নৌপথে মোট ১২৬১৪ (±) মে.টন বস্তাবন্দি গমের চলাচলসূচি নিম্নোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালনের শর্তে নির্দেশক্রমে জারি করা হলো:

মোংলা বন্দর হতে বাঘাবাড়ী/নগরবাড়ী ঘাটের মাধ্যমে রাজশাহী বিভাগে নৌপথে গমের চলাচল সূচিঃ

| ক্র. নং | জাহাজের নাম | প্রাপক জেলা | প্রাপক কেন্দ্র | পরিমাণ (মে.টন) | পণ্য | রুট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১. | মোংলা বন্দর (MV. SSI INVINCIBLE II জাহাজ) | সিরাজগঞ্জ | বাঘাবাড়ী ঘাট | ২৪০০ | বস্তাবন্দি গম | নৌপথ | চসনি, খুলনা বাঘাবাড়ী ঘাট পর্যন্ত উপসূচি জারি করবেন।<br><br>আখানি, রাজশাহী বাঘাবাড়ী ঘাট হতে নিম্নোক্ত স্থাপনায় ব্যয় কম বিবেচনায় পরিবহণ করাবেন।<br><br>**জেলা গাইবান্ধা**<br>গাইবান্ধা এলএসডি-৩০০ মে.টন<br>**জেলা রাজশাহী**<br>রাজশাহী এলএসডি-৩০০ মে.টন<br>**জেলা বগুড়া**<br>বগুড়া এলএসডি -৬০০ মে.টন<br>**জেলা সিরাজগঞ্জ**<br>সিরাজগঞ্জ এলএসডি-৬০০ মে.টন<br>বাঘাবাড়ী এলএসডি-৬০০ মে.টন |
| | | | মোট = | ২৪০০ | | | |

মোংলা বন্দর হতে খুলনা ও বরিশাল বিভাগে গমের চলাচল সূচি

| ক্র. নং | প্রেরণ কেন্দ্র | মাধ্যম | প্রাপক জেলা | প্রাপক কেন্দ্র | পরিমাণ (মে.টন) | পণ্য | রুট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | মোংলা বন্দর (MV. SSI INVINCIBLE II জাহাজ) | - | ভোলা | ভোলা এলএসডি | ৬০০ | গম | নৌপথ | চসনি, খুলনা উপ-সূচি জারি করবেন |
| ২. | ঐ | - | ঝালকাঠি | ঝালকাঠি (গ্রেড-১) এলএসডি | ৬০০ | ঐ | ঐ | |
| ৩. | ঐ | - | পিরোজপুর | পিরোজপুর এলএসডি | ৬০০ | ঐ | ঐ | |
| ৪. | ঐ | মহেশ্বরপাশা ঘাট, খুলনা | খুলনা | মহেশ্বরপাশা সিএসডি | ৩৪১৪ (±) | ঐ | ঐ | |
| ৫. | ঐ | ৪ নং/৭ নং ঘাট, খুলনা | ঐ | খুলনা সিএসডি | ৫০০০ (±) | ঐ | নৌ ও সড়ক পথ | |
| | | | | মোট= | ১০২১৪ (±) | | | |
| | | | | সর্বমোট = | ১২৬১৪ (±) | | | |

**উক্ত জাহাজের অবশিষ্ট ৯,০০০ (+/-) মে.টন ঢালা গম চুক্তি মোতাবেক সরবরাহকারী এবং সংশ্লিষ্ট শিপিং এজেন্ট মোংলা সাইলোতে খালাসের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।**

**নির্দেশনাসমূহ:**

১। খাদ্যশস্য ও খাদ্য দ্রব্যের চলাচল সূচি প্রণয়ন নীতিমালা, ২০০৮ অনুযায়ী খাদ্যশস্য পরিবহণ কার্যক্রম সম্পাদন করতে হবে।

২। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, খুলনা প্রেরক হিসাবে কার্য সম্পাদন করবেন;

৩। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর স্বাক্ষরিত ০৮-০৬-২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭-৫২৬ নং স্মারকে জারিকৃত নির্দেশনা মোতাবেক Movement Software এর মাধ্যমে আবশ্যিকভাবে আখানি/চসনি/জেখানি প্রযোজ্য ক্ষেত্রে সূচির এলএসডি/সিএসডি'র ক্রমানুযায়ী উপ-সূচি জারি করবেন এবং অত্র দপ্তরে উক্ত উপ-সূচির কপি/অনুলিপি প্রেরণ করবেন।

৪। ওজনের তারতম্য পরিহারের জন্য প্রেরণ কেন্দ্র কর্তৃক একটি কমিটি গঠন করে প্রেরণ কার্যক্রম তদারকী করবেন এবং ঠিকাদারের জাহাজে গম বোঝাইয়ের পর এয়ার টাইট সীল করে জাহাজ নারায়ণগঞ্জ সাইলোতে প্রেরণ করবেন। পক্ষান্তরে নারায়ণগঞ্জ সাইলো একটি কমিটি গঠন করে এয়ার টাইট সীলের সঠিকতা নিশ্চিত হয়ে কমিটির তদারকিতে খালাস কার্যক্রম গ্রহণ করবেন। স্কেল সংক্রান্ত জটিলতাসহ কোথাও অনিয়ম বা সমস্যার উদ্ভব হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ (সাইলো সুপারগণ) তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করবেন এবং খাদ্য অধিদপ্তরকে ত্বরিত অবহিত করবেন।

৫। কীট আক্রান্ত কোন খাদ্যশস্য প্রেরণ করা যাবে না।

৬। খাদ্যশস্য প্রেরণ ও প্রাপ্তি বিষয়ে প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা ভি-ইনভয়েস মনিটরিং করবেন। প্রাপ্তি ইনভয়েস যথাসময়ে ফেরত পাঠাতে হবে এবং এ বিষয়ে আখানি, জেখানি, সাইলো অধীক্ষক, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সজাগ দৃষ্টি রাখবেন। উল্লেখ্য, সূচির আওতায় প্রেরিত খাদ্যশস্য প্রাপক কেন্দ্র কর্তৃক প্রাপ্ত হলে ইনভয়েস ফেরত বিলম্বিত হওয়ার কারণেই পরিবাহিত খাদ্যশস্য পথখাতে প্রদর্শন করা যাবে না।

৭। ভি-ইনভয়েসে গমের গুণগতমান ও ধরণ সম্পর্কে সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৮। সূচির মেয়াদ শেষ হওয়ার পরই অবিলম্বে প্রেরক কেন্দ্র থেকে ঠিকাদারভিত্তিক প্রেরণ বিবরণী প্রস্তুতপূর্বক ফ্যাক্স/ দাপ্তরিক ই-মেইল যোগে অধিদপ্তরে চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগে প্রেরণ করতে হবে।

৯। প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপকগণ খাদ্যশস্য বুঝে নিবেন এবং সূচি ঠিকাদারভিত্তিক প্রাপ্তি বিবরণী (জেলা খাদ্য নিয়ন্ত্রক প্রতিস্বাক্ষরিত) দাপ্তরিক ই-মেইল যোগে অধিদপ্তরে প্রেরণ করবেন।

১০। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ এই সূচি অফিসিয়াল ফেসবুক পেজ/ওয়েবসাইটে আপলোড করার পাশাপাশি সংশ্লিষ্ট অধীনস্ত জেলা খাদ্য নিয়ন্ত্রক ও ব্যবস্থাপক/এসএন্ডএমও/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনুলিপি দিয়ে অবহিত করবেন।

১১। সূচির মেয়াদ ২২-০২-২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত বলবৎ থাকবে।

১২। সূচির নির্ধারিত মেয়াদের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণসহ জরুরি বিবেচনায় পরবর্তীতে নতুন সূচি কিংবা সরকারি স্বার্থে আগ্রহী ঠিকাদারদের অনুকূলে উপ-সূচি জারি করা হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

১৪-২-২০২৩

মোঃ ফজলে রাব্বী হায়দার

উপপরিচালক

ফোন: +৮৮-০২-৯৫৮৪৮৩৪

ফ্যাক্স: +৮৮-০২-৯৫৫৬০৬৭

ইমেইল: dg@dgfood.gov.bd

প্রাপক :

১) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, খুলনা

২) চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রকের কার্যালয়, খুলনা

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০১৪.২২.২০৮/১(১২)

তারিখ: ১ ফাল্গুন ১৪২৯ / ১৪ ফেব্রুয়ারি ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

১) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর

২) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর

৩) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর

৪) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রংপুর/বরিশাল/রাজশাহী

৫) সাইলো অধীক্ষক, মোংলা সাইলো, বাগেরহাট

৬) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)

৭) জেলা খাদ্য নিয়ন্ত্রক, ..........................................

৮) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)

৯) ব্যবস্থাপক, ...................................... সিএসডি

১০) ভারপ্রাপ্ত কর্মকর্তা, ................................... এলএসডি

১৪-২-২০২৩

মোঃ ফজলে রাব্বী হায়দার

উপপরিচালক